

তাৰিখ 12 6 JUL 1996  
পৃষ্ঠা ১ কলম ৩

15

ঢাকা বোর্ডের স্বীকারোক্তি

### প্রশ্নপত্র ফাস হয়েছে

কাগজ প্রতিবেদক : ঢাকা বোর্ড কর্তৃপক্ষ উচ্চ মাধ্যমিক পরীক্ষার হিসাব রক্ষণ ও হিসাব বিজ্ঞান ২য় পত্রের 'ক' সেটের প্রশ্ন ফাস হওয়ার কথা স্বীকার করেছে। গতকাল বহস্পতিবার সকালে প্রশ্নপত্রের 'খ' সেট দিয়ে যথারীতি এই পরীক্ষা নেয়া হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ বলছে, ২৫ জুনাই ঢাকাস্থ উচ্চ মুহাম্মদ শহীদগ্রাহ কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হিসাব রক্ষণ ও হিসাব বিজ্ঞান ১ম পত্রের পরীক্ষার প্রশ্নপত্রের প্রাক্কেটে উচ্চ বিষয়ের দ্বিতীয় পত্রের 'ক' সেটের একটি প্রশ্নপত্র পাওয়া যায়। কলেজ কর্তৃপক্ষ সঙ্গে সঙ্গে তা বোর্ড কর্তৃপক্ষের নজরে আনেন। এ খবর পাওয়ার পর বোর্ড কর্তৃপক্ষ ২৫ জুনাই তারিখে অনুষ্ঠিত ব্যাবস্থা হিসাব রক্ষণ ও হিসাব বিজ্ঞান ২য় পত্রের পরীক্ষা 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটের প্রশ্নপত্র প্রাইপের ব্যবস্থা করে। কিন্তু এই প্রশ্নপত্র কিভাবে পরে বাজারে চলে আসলো এবং পরীক্ষার্থীদের মধ্যে আলোড়ন সৃষ্টি করে বিক্রি হতে থাকলো সে বিষয়ে বোর্ড কর্তৃপক্ষের বক্তব্যে কিন্তু বলা হয়নি। উল্লেখ্য, গত বুধবার রাতে ঢাকার বিভিন্ন এলাকায় এই প্রশ্নপত্রের ফটোকপি বিক্রি হতে থাকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন ছাত্র এরই একটি কপি 'আজকের কাগজ' অফিসে পৌছে দেন। বহস্পতিবার 'আজকের কাগজে' এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রকাশিত হয়। পরীক্ষার্থীরা অভিযোগ করে বলেছেন যে, বোর্ড কর্তৃপক্ষ যেহেতু ২৫ তারিখেই এই ঘটনাটি জেনেছেন, সূতরাং তারা রেডিও-টেলিভিশনে যদি ঘোষণা দিতেন যে, 'খ' সেটে পরীক্ষা হবে কারণ 'ক' সেটটি ফাস হয়েছে। তা হলে আমাদের অযথা মানসিক হয়রানি হতে হতো না। ঢাকা দিয়ে এই প্রশ্ন পাওয়ার জন্যে আমরা বিভিন্ন দিকে ছুটতামও না।